**রেজিস্টার্ড নং ডি এ-১**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, মে ২৫, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**অধিশাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪২২ বঙ্গাব্দ/২১ মে ২০১৫ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ১০৩-আইন/২০১৫।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬(২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন, "চিংড়ি" শিল্প সেক্টরের, অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া উল্লিখিত, শ্রমিক ও কর্মচারীগণের জন্য, "নিম্নতম মজুরী বোর্ড" কর্তৃক সুপারিশকৃত নিম্নের তফসিল "ক" ও "খ" তে বর্ণিত নিম্নতম মজুরীর হারকে নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে, যথাক্রমে উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরীর হার হিসাবে ঘোষণা করিল, যথা :—

**তফসিল "ক"**

| ক্রমিক নং | শ্রমিক শ্রেণী বিভাগ ও পদবিন্যাস | মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (মূল মজুরীর ৩৫%) (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | **গ্রেড-১ ঃ**<br>১। ফোরম্যান<br>২। প্রডাকশন ইনচার্জ<br>৩। কোয়ালিটি কন্ট্রোল ইনচার্জ | ৬৩৪০/- | ২২১৯/- | ৩০০/- | ১৫০/- | ৯০০৯/- |



**মূল্য ঃ** টাকা ৮.০০

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ২। | **গ্রেড-২ ঃ**<br>১। শিফট ইনচার্জ<br>২। সহকারী ফোরম্যান<br>৩। সিনিয়র প্রডাকশন সুপারভাইজার<br>৪। জেনারেল স্টোর ইনচার্জ<br>৫। রিসিভ ইনচার্জ<br>৬। হিমাগার ইনচার্জ | ৫০২০/- | ১৭৫৭/- | ৩০০/- | ১৫০/- | ৭২২৭/- |
| ৩। | **গ্রেড-৩ ঃ**<br>১। গ্রেডার ইনচার্জ<br>২। কিউ সি ইন্সপেক্টর<br>৩। সিনিয়র অপারেটর<br>৪। ইলেকট্রিশিয়ান<br>৫। বয়লার অপারেটর<br>৬। রিসিভ সুপারভাইজার<br>৭। প্রোডাকশন সুপারভাইজার<br>৮। আই কিউ এফ সুপারভাইজার<br>৯। হিমাগার সুপারভাইজার | ৪৫২০/- | ১৫৮২/- | ৩০০/- | ১৫০/- | ৬৫৫২/- |
| ৪। | **গ্রেড-৪ ঃ**<br>১। গ্রেডার (আর)<br>২। আরসিম্যান<br>৩। মেশিন অপারেটর<br>৪। সহকারী ইলেকট্রিশিয়ান<br>৫। সহকারী অপারেটর<br>৬। আই কিউ এফ মেশিন অপারেটর<br>৭। গ্রেডার (পি)<br>৮। গ্লেজ চেকার<br>৯। গ্রেড চেকার<br>১০। প্যানিং চেকার<br>১১। সিলিংম্যান | ৪০২০/- | ১৪০৭/- | ৩০০/- | ১৫০/- | ৫৮৭৭/- |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ৫। | **গ্রেড-৫**<br>১। স্কেলম্যান (আর)<br>২। ওয়েলডার<br>৩। প্লাম্বার<br>৪। সহকারী প্রোডাকশন সুপারভাইজার<br>৫। স্কেলম্যান (পি)<br>৬। সিনিয়র প্যানার<br>৭। হিমাগার শ্রমিক | ৩৫২০/- | ১২৩২/- | ৩০০/- | ১৫০/- | ৫২০২/- |
| ৬। | **গ্রেড-৬ ঃ**<br>১। প্যানার<br>২। ওয়ার্কার<br>৩। ওয়াশম্যান<br>৪। মেশিন হেলপার<br>৫। সহকারী স্কেলম্যান<br>৬। সহকারী ওয়েলডার<br>৭। আইস ক্রাশম্যান<br>৮। বেল্ট ওয়ার্কার<br>৯। মেটাল চেকার<br>১০। প্যাকিং শ্রমিক<br>১১। পিলিং ওয়ার্কার<br>১২। ডি হেডিং ওয়ার্কার<br>১৩। ক্লিনার | ২৯৪০/- | ১০২৯/- | ৩০০/- | ১৫০/- | ৪৪১৯/- |
| ৭। | শিক্ষানবিস শ্রমিক | মাসিক সর্বসাকুল্যে ৩,৫০০/- | | | | |

**তফসিল "খ"**

| ক্রমিক নং | কর্মিচারী শ্রেণী বিভাগ ও পদবিন্যাস | মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (মূল মজুরীর ৩৫%) (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | **গ্রেড-১ ঃ**<br>১। একাউন্ট্যান্ট<br>২। অফিস সুপারেনটেনডেন্ট<br>৩। হেড ক্লার্ক<br>৪। সিনিয়র কম্পিউটার অপারেটর<br>৫। পার্চেজার<br>৬। কমার্শিয়াল কো-অর্ডিনেটর | ৬৭০০/- | ২৩৪৫/- | ৩০০/- | ১৫০/ | ৯৪৯৫/- |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ২। | **গ্রেড-২ ঃ**<br>১। শিফট ইনচার্জ<br>২। সহকারী ফোরম্যান<br>৩। সিনিয়র প্রডাকশন সুপারভাইজার<br>৪। জেনারেল স্টোর ইনচার্জ<br>৫। রিসিভ ইনচার্জ<br>৬। হিমাগার ইনচার্জ | ৫০৮০/- | ১৭৭৮/- | ৩০০/- | ১৫০/- | ৭৩০৮/- |
| ৩। | **গ্রেড-৩ :**<br>১। ড্রাইভার (হেভি/লাইট)<br>২। অফিস সহকারী<br>৩। ইমাম | ৪৪৮০/- | ১৫৬৮/- | ৩০০/- | ১৫০/- | ৬৪৯৮/- |
| ৪। | **গ্রেড-৪ :**<br>১। শিশু কেয়ারটেকার<br>২। বাবুর্চি<br>৩। লন্ড্রিম্যান<br>৪। বোটম্যান<br>৫। ট্রাক হেলপার<br>৬। মালি<br>৭। সিকিউরিটি গার্ড<br>৮। পিয়ন<br>৯। ঝাড়ুদার | ৩৩৮০/- | ১১৮৩/- | ৩০০/- | ১৫০/- | ৫০১৩/- |
| ৫। | শিক্ষানবিস কর্মচারী | মাসিক সর্বসাকুল্যে ৩,৮০০/- | | | | |

**শর্তাবলী**

(১) উক্ত শিল্প সেক্টরে নিয়োজিত শ্রমিক ও কর্মচারীগণের পদবী, কাজের ধরন ও প্রকৃতি, চাকুরীকাল, জ্ঞান, অভিজ্ঞতা ও দক্ষতা এবং পারিপার্শ্বিক অবস্থা, ইত্যাদি বিবেচনাক্রমে উপরি-উক্ত তফসিলে অতঃপর তফসিল বলিয়া অভিহিত, উল্লিখিতভাবে,—

(ক) শ্রমিকগণকে যথাক্রমে গ্রেড-১, গ্রেড-২, গ্রেড-৩, গ্রেড-৪, গ্রেড-৫, গ্রেড-৬ এই ৬ (ছয়) শ্রেণীতে-বিভক্ত করিয়া পদবিন্যাস করিতে হইবে;

(খ) কর্মচারীগণকে যথক্রমে গ্রেড-১, গ্রেড-২, গ্রেড-৩, গ্রেড-৪; এই ৪ (চার) শ্রেণীতে বিভক্ত করিয়া পদবিন্যাস করিতে হইবে;

(২) উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণের ক্ষেত্রে, তফসিলে উল্লিখিত হারে, মাসিক ভিত্তিতে নিম্নতম মজুরী, বিভিন্ন ভাতা ও সুবিধাদি নির্ধারিত হইবে, যাহা বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "চিংড়ি" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

(৩) তফসিলে উল্লিখিত পদবিন্যাস ব্যতীত যদি শ্রমিক ও কর্মচারীগণের অতিরিক্ত কোন পদ উক্ত শিল্প সেক্টরে পূর্ব হইতে বিদ্যমান থাকে অথবা পরবর্তীতে সংযোজিত হয়, তাহা হইলে সংশ্লিষ্ট পদকে তফসিলে উল্লিখিতভাবে যথাযথ গ্রেডে অন্তর্ভুক্ত করিয়া উহার মজুরী নির্ধারণ করিতে হইবে।

(৪) উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন, সেই গ্রেডেই তাহাদিগকে স্থলাভিষিক্ত করিয়া, তফসিলে উল্লিখিত মজুরী কাঠামোর সহিত সমন্বয়পূর্বক, তাহাদের মজুরী নির্ধারণ করিতে হইবে এবং কোন শ্রমিক বা কর্মচারীকে কোন কারণেই নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

(৫) এই প্রজ্ঞাপন জারীর পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণকে তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীগণকে যথাযথ পদে সন্নিবেশ করিয়া মজুরী নিবন্ধনভুক্ত করতঃ মজুরী স্লিপ প্রদান করিতে হইবে।

(৬) তফসিলে উল্লিখিত মজুরী উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণের নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে এবং কোন কারণেই কোন শ্রমিক বা কর্মচারীকে উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা নিম্নতম মজুরী প্রদান করা যাইবে নাঃ

তবে শর্ত থাকে যে, কোন শ্রমিক বা কর্মচারী ইতোমধ্যে উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা অধিক হারে মজুরী প্রাপ্ত হইয়া থাকিলে তাহার মজুরী হ্রাস করা যাইবে নাঃ

আরও শর্ত থাকে যে, নিয়োগকর্তা বা মালিক ইচ্ছা করিলে, স্ব-উদ্যোগে এককভাবে অথবা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী, শ্রমিক ও কর্মচারীগণকে অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

(৭) কোন শ্রমিক কোন ঠিকাদারের মাধ্যমে উক্ত শিল্প সেক্টরে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকিলে, উক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬, অতঃপর শ্রম আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২(৬৫) অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং সংশ্লিষ্ট শ্রমিকের ঠিকাদারের নিকট হইতে প্রাপ্য পাওনাদি গ্রহণের ক্ষেত্রে কোন সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট মালিকের উপর বর্তাইবে।

(৮) শর্ত ৭ এ উল্লিখিত ঠিকাদার কোন শ্রমিককে, যে কোন কারণেই হউক না কেন, তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরী অপেক্ষা নিম্নতম মজুরী প্রদান করিতে পারিবেন না এবং তাহাকে শ্রম আইনের ধারা ১২১, ১৫০ ও ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৯) উক্ত শিল্প সেক্টরের কোন মালিক যদি শ্রমিকের ফুরনভিত্তিক (piece rate) মজুরী প্রদান করিয়া থাকেন, তাহা হইলে উক্ত মজুরীর হারকে এইরূপে সংশোধন করিতে হইবে যেন সংশ্লিষ্ট শ্রেণীভুক্ত শ্রমিকগণের জন্য তফসিলে যে নিম্নতম মজুরী নির্ধারণ করা হইয়াছে, তাহা অপেক্ষা তিনি নিম্নতর মজুরী প্রাপ্ত না হন।

(১০) তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরী ও বিভিন্ন ভাতাদি ছাড়াও উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণ কর্মরত প্রতিষ্ঠান হইতে ইতোমধ্যে অন্যান্য যে সকল সুযোগ সুবিধা ও ভাতাদি প্রাপ্ত হইতেছেন, তাহা শ্রম আইনের ধারা ১৪৯ ও ৩৩৬ এর বিধান মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

(১১) উক্ত শিল্প সেক্টরে কর্মরত শ্রমিক ও কর্মচারীগণ এই প্রজ্ঞাপন জারীর তারিখ হইতে ১ (এক) বছর পর মূল মজুরীর ৫% হারে মজুরী বৃদ্ধির সুবিধা পাইবেন।

(১২) শ্রমিকগণের শিক্ষানবিসকাল হইবে ৩ (তিন) মাস ও কর্মচারীগণের শিক্ষানবিসকাল হইবে ৬ (ছয়) মাস এবং শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে শিক্ষানবিস শ্রমিক ও কর্মচারীগণ সংশ্লিষ্ট গ্রেডে স্থায়ী হিসাবে নিযুক্ত হইবেন :

তবে শর্ত থাকে যে, যদি কোন কারণে শিক্ষানবিসকালে একজন শিক্ষানবিস শ্রমিকের কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়, তবে কেবল উক্ত শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিসকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে।

(১৩) উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণ শ্রম আইনের বিধান মোতাবেক অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

(১৪) এই সুপারিশের কোন অংশ প্রচলিত কোন আইনের সহিত সাংঘর্ষিক হইলে, উক্ত অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মহিউদ্দিন আহমেদ খান**
উপসচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd